

হিসাববিজ্ঞান

বিষয় কোড: ১ ৪ ৬

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

দ্রষ্টব্য: দক্ষিণ পাশ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।

ক-বিভাগ

১.► মেঘনা এন্ড কোং-এর ২০১৬ সালের ৩০ জুন তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ:

মেঘনা এন্ড কোং

রেওয়ামিল

৩০ জুন, ২০১৬

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
ক্রয় ও বিক্রয়	১,০০,০০০	১,৯০,০০০
পরিবহন	৯,০০০	
উপভাড়া		২৪,০০০
আন্তঃফেরত ও বহিঃফেরত বেতন	৮,০০০	৭,০০০
দেনাদার ও পাওনাদার কমিশন	১৭,৫০০	২৫,০০০
মজুদ পণ্য (১/৭/১৫)	৩,০০০	৫,০০০
বিজ্ঞাপন	১৬,৫০০	
কুঋণ ও কুঋণ সঞ্চিত	৮,০০০	
শুল্ক	১,৫০০	২,৫০০
মনিহারি	১১,০০০	
	৩,৫০০	
	<u>২,৫৩,৫০০</u>	<u>২,৫৩,৫০০</u>

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্য ৪০,০০০ টাকা। ২. অলিখিত আন্তঃফেরত ২,০০০ টাকা। ৩. দেনাদারের ২,৫০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট দেনাদারের ওপর ৫% সঞ্চিত ধরতে হবে। ৪. ভোক্তাদের মধ্যে বিনামূল্যে ২,০০০ টাকার পণ্য বিতরণ করা হয়েছে। ৫. ২ মাসের বেতন বকেয়া আছে।

ক. নিট দেনাদারের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মেঘনা এন্ড কোং-এর মোট মুনাফা বা ক্ষতি নির্ণয় করো। ৪

গ. মেঘনা এন্ড কোং-এর নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় করো। ৪

২.► রিয়াদ এন্টারপ্রাইজ-এর ২০১৫ সালের মোট লাভ ৩০,০০০ টাকা।

২০১৫ সালের উক্ত প্রতিষ্ঠানের রেওয়ামিল নিম্নরূপ:

রিয়াদ এন্টারপ্রাইজ

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
আসবাবপত্র	২৫,০০০	
পাওনা ও দেনা	২৭,০০০	২০,০০০
বিজ্ঞাপন	১২,০০০	
বাট্টা	৫০০	৭০০
ব্যাংক জমাতিরিক্ত		২৭,০০০
প্রাপ্য বিল ও প্রদেয় বিল	৮,০০০	১০,০০০
উত্তোলন ও মূলধন	১০,০০০	৯০,৩০০
দপ্তর খরচ	৫,০০০	
ঋণপত্র		১৫,০০০
ইজারা সম্পদ (৫ বছর)	৬০,০০০	
বিক্রয় পরিবহন	২,৫০০	
বিমা প্রিমিয়াম	২,০০০	
নগদ তহবিল	১০,০০০	
কমিশন	২,৫০০	
	<u>১,৬৪,৫০০</u>	<u>১,৬৪,৫০০</u>

অন্যান্য তথ্যাদি: ১. অবিক্রীত পণ্যের মূল্য ৩০,০০০ টাকা। ২. বিজ্ঞাপন ব্যয় ৫ বছরের জন্য প্রযোজ্য। ৩. মূলধন ও উত্তোলনের ওপর ১০% সুদ ধরতে হবে।

ক. রিয়াদ এন্টারপ্রাইজের চলতি অনুপাত নির্ণয় করো। ২

খ. রিয়াদ এন্টারপ্রাইজের নিট লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

গ. ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে রিয়াদ এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

খ-বিভাগ

৩.► ২০১৬ সালের এপ্রিল মাসে খুলনার হক এন্টারপ্রাইজের লেনদেনসমূহ নিম্নরূপ:

- এপ্রিল ১ নগদ উদ্ধৃত ১৫,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ৭,০০০ টাকা।
- " ২ পূর্বী ট্রেডার্সের নিকট নগদ বিক্রয় ৮,০০০ টাকা।
- " ৫ চেকে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।
- " ৮ বেতন প্রদান ৫,০০০ টাকা।
- " ১০ মাহবুবকে নগদ পরিশোধ ৬,০০০ টাকা।
- " ১৫ উত্তর ট্রেডার্স থেকে চেক প্রাপ্তি ৩,০০০ টাকা।
- " ২০ ব্যাংকে জমা দেওয়া হলো ৭,০০০ টাকা।
- " ২৫ আয়কর প্রদান ৫,০০০ টাকা।
- " ৩০ ব্যাংক সুদ মঞ্জুর করল ৩০০ টাকা।

- ক. এপ্রিল ২ তারিখের লেনদেনের জন্য একটি ক্যাশমেমো প্রস্তুত করো। ২
- খ. হক এন্টারপ্রাইজের দুঘরা নগদান বই প্রস্তুত করো। ৪
- গ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে নগদ প্রদান জাবেদা প্রস্তুত করো। ৪

৪. ▶ জনতা এন্টারপ্রাইজের ২০১৬ সালের লেনদেনগুলো নিম্নরূপ:

- জুলাই ১ মালিক ব্যবসায়ের প্রয়োজনে নগদ ২,০০,০০০ টাকা এবং আসবাবপত্র বাবদ ১,০০,০০০ টাকা আনয়ন করলেন।
- " ২ অফিসের কাগজ, কলম ও পিন ক্রয় ২,৫০০ টাকা।
- " ৪ চেকের মাধ্যমে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
- " ১০ রাজিব ট্রেডার্সের নিকট বিক্রয় প্রতিবস্তা ১,৬০০ টাকা দরে ৩০ বস্তা ডাল। শর্ত ২/৭, নিট ৩০। চালান নং ১০৪। ব্যবসায়িক বাড়া ৬%।
- " ১৫ রাজিব ট্রেডার্সের নিকট থেকে চেক প্রাপ্তি ৫,০০০ টাকা।
- " ২৫ মালিক নিজ প্রয়োজনে ৭০ টাকা কেজি দরে ৭ কেজি ডাল নিয়ে গেল।

- ক. মালিক কর্তৃক উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২
- খ. ১০ জুলাই, ২০১৬ তারিখের লেনদেন অবলম্বনে একটি চালান প্রস্তুত করো। ৪
- গ. জুলাই ২, ৪, ১৫ ও ২৫ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করো। ৪

৫. ▶ মি. হাফিজের ব্যবসায়ে ২০১৫ সালের ডিসেম্বর মাসে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়েছে:

- ডিসে. ১ ৩৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।
- " ৪ রনির নিকট ৫,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান।

- " ১০ ধারে পণ্য ক্রয় ৭,৫০০ টাকা।
 " ১৫ ৯,০০০ টাকা বেতনে একজন ম্যানেজার নিয়োগ দেয়া হয়।
 " ২০ নগদে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
 " ২৫ বিজ্ঞাপন বাবদ পরিশোধ ১,৫০০ টাকা।
 " ২৮ ক্যাশ ব্যাল থেকে ১,০০০ টাকা চুরি হয়ে গেল।

ক. লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে তার কারণসহ ব্যাখ্যা করো। ২

খ. ঘটনাসমূহ হতে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে তার কারণসহ ব্যাখ্যা করো। ৪

গ. বিবরণী ছকে হিসাবসমীকরণের ওপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

৬.► জনাব রায়হানের ১ জানুয়ারি, ২০১৬ তারিখে সম্পদ ও দায়দেনার পরিমাণ নিম্নরূপ:

দালানকোঠা ৪০,০০,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা, তৈজসপত্র ২৫,০০০ টাকা, গৃহনির্মাণ ঋণ ৩,০০,০০০ টাকা। উক্ত বছরে তার প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ:

প্রাপ্তি ও প্রদান হিসাব

২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
হাতে নগদ	৬০,০০০	খাদ্যসামগ্রী ক্রয়	৭৫,০০০
বেতন	৩,৮০,০০০	মুদি দোকানের বিল	২১,৫০০
কৃষি থেকে আয়	১,৫০,০০০	পৌরকর	৪,৫০০
		কম্পিউটার ক্রয়	৬৫,০০০
		টেলিভিশন ক্রয়	৭৫,০০০
		গৃহনির্মাণ ঋণশোধ	৫০,০০০
		গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল	৭,৫০০
		গৃহনির্মাণ ঋণের সুদ	১৫,০০০
		আপ্যায়ন	৮,৫০০
		যাতায়াত ও অন্যান্য খরচ	২০,০০০
		ডাকঘর সঞ্চয় ব্যাংকে জমা	৯০,০০০
		ফ্রিজ ক্রয়	৮৫,০০০
		নগদ উদ্ধৃত	৭৩,০০০
	<u>৫,৯০,০০০</u>		<u>৫,৯০,০০০</u>

সমন্বয়সমূহ : ১. খাদ্যসামগ্রী অব্যবহৃত ৫,০০০ টাকা, পক্ষান্তরে মুদি দোকানে

১,৫০০ টাকা অপরিশোধিত রয়েছে। ২. গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল ৩,০০০ টাকা বকেয়া রয়েছে।

- ক. জনাব রায়হানের পারিবারিক তহবিল নির্ণয় করো। ২
 খ. ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪
 গ. বছর শেষে জনাব রায়হানের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪
 ৭. ▶ জনাব রফিক তার ব্যবসায়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করেন না। নিম্নোক্ত তথ্যসমূহ তার হিসাব বই হতে সংগ্রহ করা হয়েছে:

	০১-০১-২০১৫	৩১-১২-২০১৫
নগদ তহবিল	৪০,০০০	৫০,৫০০
দেনাদার	৩৫,০০০	৪০,৫০০
পাওনাদার	৪০,০০০	২০,০০০
মজুদ পণ্য	৭০,০০০	১,২০,০০০
ব্যাংক ঋণ		১০,০০০
আসবাবপত্র	২০,০০০	৪০,০০০

উক্ত বছরে তিনি প্রতিমাসে ৫,০০০ টাকা করে উত্তোলন করেন এবং ব্যবসায়ের প্রয়োজনে আরও ৩৫,০০০ টাকা নতুন করে বিনিয়োগ করেন।

- ক. জনাব রফিকের প্রারম্ভিক মূলধন নির্ণয় করো। ২
 খ. উদ্দীপকের আলোকে ব্যবসায়ের সমাপনী মূলধন কত? ৪
 গ. উক্ত বছরে লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪
 ৮. ▶ জনাব কামরুল একজন আসবাবপত্র ব্যবসায়ী। তিনি ২০১৫ সালের ১ জুন তারিখে নগদ ১,০০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকার আসবাবপত্র নিয়ে তার ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ:
- জুন ৩ নগদে আসবাবপত্রের ক্রয় ৫৫,০০০ টাকা।
 " ৭ নাজিমের নিকট চেকে বিক্রয় ২৭,০০০ টাকা।
 " ১৫ ব্যাংকে জমা দেওয়া হলো ৫,০০০ টাকা।
 " ২০ ঋণ গ্রহণ ২৫,০০০ টাকা।
- ক. জনাব কামরুলের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২
 খ. ৩, ৭, ১৫ ও ২০ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করো। ৪
 গ. চলমান জের ছকে নগদান হিসাব ও ব্যাংক হিসাব প্রস্তুত করো। ৪

৯. ▶ জনাব রাসেদের ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের উদ্ধৃতিগুলো নিম্নরূপ:

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
মূলধন	১,৫০,০০০	হাতে নগদ (১/১/১৬)	৬,০০০
উত্তোলন	৬০,০০০	মজুদ পণ্য (৩১/১২/১৬)	৩৫,০০০

প্রাপ্য বিল	২৫,০০০	কুঋণ	৫,০০০
প্রদেয় বিল	২০,০০০	দালানকোঠা	৪৫,০০০
সঞ্চিত তহবিল	৫,০০০	পাওনা	৩০,০০০
দেনা	২৫,০০০	ব্যাংক জমাতিরিক্ত	২,০০০
বেতন	৫,০০০	নগদ তহবিল (৩১/১২/১৬)	১০,০০০
অগ্রিম শিক্ষানবিশ সেলামি	৩,০০০	বিমা	৮,০০০
কুঋণ সঞ্চিত	৩,০০০	মজুদ পণ্য (১/১/১৬)	৪০,০০০

ক. রাসেদের রেওয়ামিলে যে উদ্ভুক্তগুলো অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ কত? ২

খ. উপর্যুক্ত উদ্ভুক্তগুলো দ্বারা জনাব রাসেদের রেওয়ামিল প্রস্তুত করো। ৪

গ. জনাব রাসেদের চলতি দায় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

১০.► চৌধুরী গার্মেন্টস শার্ট উৎপাদন ও বিক্রয় করে। ২০০ পিস শার্টের ব্যয় নিম্নরূপ:

কাঁচামালের মজুদ (১-১-১৫)	১৫,০০০
কাঁচামার ক্রয়	৭০,০০০
কাঁচামালের মজুদ (৩১-১২-১৫)	১০,০০০
প্রত্যক্ষ মজুরি	৪০,০০০
কারখানা উপরিব্যয় (প্রত্যক্ষ মজুরি ৭৫%)	
প্রশাসনিক উপরিব্যয়	৮,০০০
বিক্রয় ও বিতরণ খরচ (কারখানা উপরিব্যয়ের ২০%)	

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় করো। ২

খ. ২০০ পিস শার্টের উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৪

গ. চৌধুরী গার্মেন্টস মোট ব্যয়ের ওপর ২০% মুনাফা করতে চাইলে প্রতিটি শার্টের বিক্রয়মূল্য কত ধার্য করতে হবে? ৪

১১.► মি. সুজন ১ ডিসেম্বর, ২০১৫ তারিখে নগদ ৩,৫০,০০০ টাকা, ৪০,০০০ টাকার আসবাবপত্র ও ২০,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেন ছিল নিম্নরূপ:

ডিসে.	২	বাকিতে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা।
"	৮	ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।
"	১৫	আসবাবপত্রের ওপর অবচয় ধরা হলো ২,০০০ টাকা।
"	২৫	সাগর সঙ্গকে অফিসের ভাড়া পরিশোধ করা হলো ৭,০০০ টাকা।

ক. মি. সুজনের ব্যবসায়ের প্রারম্ভিক মূলধন নির্ণয় করো। ২

খ. ডিসেম্বর ২৫ তারিখের লেনদেন অবলম্বনে একটি ভাউচার প্রস্তুত করো। ৪

গ. ডিসেম্বর ২-২৫ তারিখের লেনদেনগুলো ছকের সাহায্যে ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০

বিষয় কোড:

১	৪	৬
---	---	---

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।।

উদ্দীপকটি পড়ো এবং ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও:

আয়কর পরিশোধ ২,৫০০, ক্রয় ফেরত ২,৩০০,
ব্যাংক সুদ মঞ্জুর ২,২০০, ব্যাংক চার্জ ২০০।

১. ব্যাংক হিসাবের উদ্ভূত কত হবে?

- (ক) ২,২০০ (খ) ২,৫০০
(গ) ২,০০০ (ঘ) ৪,৫০০

২. উত্তোলন হিসাবের উদ্ভূত কত হবে?

- (ক) ২,৫০০ (খ) ২০০
(গ) ৪,৭০০ (ঘ) ২,৭০০

৩. পরোক্ষ আয় কোনটি?

- (ক) বিক্রয় (খ) বেতন
(গ) ভাড়া প্রাপ্তি (ঘ) ডক চার্জ

৪. কোনটি ক্ষতি?

- (ক) অনাদায়ী পাওনা সঞ্চিত
(খ) বিনিয়োগের সুদ
(গ) বাট্টা প্রাপ্তি
(ঘ) কাজগ বিক্রয়

৫. চলতি দায় পরিশোধ ক্ষমতা অনুপাত কতটি?

- (ক) ৪ (খ) ৩
(গ) ২ (ঘ) ৫

৬. কোনটি প্রত্যক্ষ খরচ?

- (ক) ট্রাক ভাড়া
(খ) বেতন
(গ) কারখানার ভাড়া
(ঘ) বিজ্ঞাপন

৭. ব্যবহার উপযোগী পণ্য কোনটি?

- (ক) চলতি কার্য (খ) সমাপ্ত পণ্য
(গ) ইট (ঘ) গাড়ি

৮. বাজেট কী?

- (ক) টাকা (খ) পরিকল্পনা
(গ) আয় (ঘ) নির্দেশনা

৯. ব্যবসায় জগতে কি উদ্ভব হয়?

- (ক) বিভিন্ন ঘটনা (খ) লেনদেন
(গ) ঘটনা (ঘ) মুনাফা

উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:

লেনদেন শব্দটির আভিধানিক অর্থ গ্রহণ ও দান।

১০. প্রত্যেক ঘটনায় কতটি পক্ষ জড়িত থাকে?

- (ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) একাধিক

১১. L অর্থ কী?

- (ক) Liabile (খ) Liability
(গ) Lewcc (ঘ) Lia

১২. ডেবিট অর্থ কি?

- (ক) প্রাপক (খ) গ্রহীতা
(গ) দাতা (ঘ) প্রদত্ত

১৩. হিসাব সমীকরণের মূল উপাদান কোনগুলো?

- i. সম্পদ
ii. দায়
iii. মালিকানা স্বত্ব
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৪. মালিকানা স্বত্ব উপাদানকে প্রভাব বিস্তারকারী দুটি উপাদান কি কি?

- i. আয়
ii. ব্যয়
iii. দায়
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫. লেনদেনগুলো আলাদা শিরোনামে কোথায় লিপিবদ্ধ করা হয়?

- (ক) জাবেদা
(খ) খতিয়ান
(গ) ডেবিট নোট
(ঘ) ক্রেডিট নোট

১৬. নির্দিষ্ট সময় পর পর কি জানা প্রয়োজন?

- (ক) মূলধন
(খ) সম্পদ
(গ) আর্থিক অবস্থা
(ঘ) মুনাফা

১৭. কোনটি অনিয়মিত?

- ক) মূলধন জাতীয় লেনদেন
খ) মুনাফা জাতীয় ব্যয়
গ) মানাফা জাতীয় প্রাপ্তি
ঘ) বিলম্বিত ব্যয়

১৮. লেনদেনসমূহ কতভাগে ভাগ করা হয়?

- ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:
জমি ৫,০০,০০০; বকেয়া ভাড়া ৩,৪০০; ১০%
বিনিয়োগ ৫০,০০০ টাকা।

১৯. পারিবারিক তহবিল কত?

- ক) ৫,০০,০০০ খ) ৫,৫০,০০০
গ) ৩,৪০০ ঘ) ৫,৪৬,৬০০

২০. চলতি দায় কত?

- ক) ৫,০০০ খ) ৩,৪০০
গ) ৫,৫০,০০০ ঘ) ৫,০০,০০০

উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:
টেলিভিশন ক্রয় ৪০,০০০; সঞ্চয়পত্র ক্রয় ৬২,০০০;
চা ক্রয় ১,০০০; বেতন ৩,০০,০০০; খাদ্য দ্রব্য ক্রয়
৫০,০০০।

২১. আয় বিবরণীতে আয় কত বসবে?

- ক) ৩,০০,০০০
খ) ৩,৪০,০০০
গ) ৩,৬২,০০০
ঘ) ৪০,০০০

২২. আর্থিক অবস্থার বিবরণীতে মোট কত বসবে?

- ক) ৪০,০০০ খ) ১,০২,০০০
গ) ৪১,০০০ ঘ) ৪,০২,০০০

২৩. কোনগুলো একই অর্থ বোধক?

- i. সাধারণ জাবেদা
ii. প্রকৃত জাবেদা
iii. বিশেষ জাবেদা

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. অসম্বন্ধিত দফা কোনগুলো?

i. বকেয়া

ii. অগ্রিম

iii. বেতন প্রদান

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. কোনটি সহায়ক বই?

- ক) জাবেদা
খ) খতিয়ান
গ) নগদান বই
ঘ) রেওয়ামিল

২৬. কোনটি ঝুঁকিপূর্ণ?

- ক) নগদান বই
খ) আদান প্রদান
গ) নগদ ক্রয়
ঘ) ধারে বিক্রয়

২৭. কোনটি মিলকরণ বিবরণী?

- ক) ব্যাংক বিবরণী
খ) ব্যাংক সমন্বয় বিবরণী
গ) ব্যাংক হিসাব
ঘ) সমন্বয় জাবেদা

২৮. কোনটির পার্থক্য নির্ণয় করা হয় না?

- ক) নগদান
খ) নগদান বই
গ) বাট্টা
ঘ) মূলধন

২৯. লেখার ভুল কোনটি?

- ক) না লেখা
খ) ভুল লেখা
গ) পরিমাণ ভুল করা
ঘ) ডেবিট ক্রেডিটে লেখা

৩০. বেদাখিলার ভুল কেনাটি?

- ক) জাবেদা না লেখা
খ) জাবেদায় ভুল লেখা
গ) এক হিসাবের পরিবর্তে অন্য হিসাব লেখা
ঘ) পরিমাণে ভুল করা

১	গ	২	ক	৩	গ	৪	ক	৫	গ	৬	ক	৭	খ	৮	খ	৯	ক	১০	ঘ	১১	খ	১২	খ	১৩	ঘ	১৪	ক	১৫	খ
১৬	গ	১৭	ক	১৮	ক	১৯	ঘ	২০	খ	২১	ক	২২	খ	২৩	ক	২৪	ক	২৫	ক	২৬	ঘ	২৭	খ	২৮	গ	২৯	ঘ	৩০	গ